

তাহের ম. শায়েখ

দৈন্যতা

অ-কৃত্রিম কোনটা মেকি হঠাৎ বুঝে উঠা ধায়?
আবাল-বৃদ্ধা-রমনীর কথপোকথন,
তাহাদের প্রণয়, বিস্ময়, নৈঃশব্দরৌদ্র-স্নান,

মাতলামী, যান্ত্রিক দ্যোতনা
নিয়ম নান্দনিক,
এ্যাকশিয়া সটান আকাশমুখী ঝোপ ঝাড়
মাইন্য'র প্রবাহন সুরেলা কলতান
এবং এমন কি রাজহাঁস
দোল খেতে খেতে চলা অশংকিত আনন্দ-শোভন ।

আমি ভাবি ঢাকা'য় স্বাভাবিক মৃত্যু'র কথা ।